

বারিতে জাতীয় শুদ্ধাচার নিয়ে ফিডব্যাক কর্মশালা

বাংলাদেশ কৃষি গবেষণা
ইনস্টিটিউটের (বারি) প্রশিক্ষণ ও
যোগাযোগ উইংয়ের আয়োজনে
'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-
পরিকল্পনা-২০১৯-২০ বাস্তবায়নের
ফিডব্যাক কর্মশালা' গতকাল বুধবার
ইনস্টিটিউটের সেমিনার কক্ষে
অনুষ্ঠিত হয়েছে। সকালে বারির
মহাপরিচালক ড. আবুল কালাম
আযাদ প্রধান অতিথি হিসেবে
কর্মশালার উদ্বোধন করেন। বিজ্ঞপ্তি।

বারির পরিচালক ড. মো.
মিয়ারুদ্দীনের সভাপতিত্বে কর্মশালায়
বিশেষ অতিথি ছিলেন পরিচালক
(গবেষণা) ড. মো. আব্দুল ওহাব,
পরিচালক (সেবা ও সরবরাহ) ড. বাবু
লাল নাগ, পরিচালক (পরিকল্পনা ও
মূল্যায়ন) মো. হাবিবুর রহমান শেখ।

স্বাগত বক্তব্য রাখেন প্রশিক্ষণ ও
যোগাযোগ উইংয়ের মুখ্য বৈজ্ঞানিক
কর্মকর্তা ড. মো. আসাদুল হক ভূঞা
এবং বারির জাতীয় শুদ্ধাচার কৌশল
কর্ম-পরিকল্পনা-২০১৯-২০
বাস্তবায়নের অগ্রগতি ও অন্তরায়
উপস্থাপন করেন একই উইংয়ের
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো.
আবদুর রাজ্জাক।

কারও তাঁবেদারি করে না

মানবজামিন

বৃহস্পতিবার ১২ই ডিসেম্বর ২০১৯, ২২তম বর্ষ, সংখ্যা ২৯০, ২৭শে অগ্রহায়ণ ১৪২৬

বারি'তে শুদ্ধাচার কৌশল বিষয়ক ফিডব্যাক কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর থেকে: গাজীপুরে অবস্থিত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইং-এর আয়োজনে 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের ফিডব্যাক কর্মশালা' গতকাল বুধবার ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় বারি'র আঞ্চলিক, বহিঃ কেন্দ্র, সদর দপ্তরের বিভিন্ন বিভাগের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। গতকাল সকালে বারি'র মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন। বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. মো. মিয়াকুদ্দীন সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. বাবু লাল নাগ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) মো. হাবিবুর রহমান শেখ। কর্মশালা সম্পর্কে স্বাগত বক্তব্য রাখেন প্রশিক্ষণ ও যোগাযোগ উইং-এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আসাদুল হক জুগা এবং বারি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের অগ্রগতি ও অন্তরায় উপস্থাপন করেন একই উইং-এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আবদুর রাজ্জাক। কর্মশালার কারিগরি সেশনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের অগ্রগতি ও অন্তরায় উপস্থাপন করেন বারি'র বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ, পাশাপাশি অংশগ্রহণকারী বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

